

পুঁজিবাজারের সম্মানিত মহিলা বিনিয়োগকারীদের জন্য পৃথক প্রশিক্ষণ কর্মসূচীর উদ্বোধন



মহিলা বিনিয়োগকারীদের জন্য পৃথক প্রশিক্ষণ কর্মসূচীর উদ্বোধনী অনুষ্ঠানে মাননীয় অর্থ ও পরিকল্পনা প্রতিমন্ত্রী জনাব এম এ মান্নান, এম পি, এর সাথে কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন ও কমিশনারবৃন্দ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয় ও পরিকল্পনা মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব এম এ মান্নান, এম পি, ১৪ জানুয়ারী ২০১৬ তারিখ কমিশনের প্রশিক্ষণ কেন্দ্রে অনুষ্ঠিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে পুঁজিবাজারের সম্মানিত মহিলা বিনিয়োগকারীদের জন্য পৃথক প্রশিক্ষণ কর্মসূচীর শুভ উদ্বোধন ঘোষণা করেন। কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কমিশনার প্রফেসর মো. হেলাল উদ্দিন নিজামী, জনাব মোঃ আমজাদ হোসেন, জনাব আরিফ খান ও জনাব মোঃ আঃ সালাম সিকদার, উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ, মহিলা প্রশিক্ষণার্থীগণ এবং গণমাধ্যম কর্মীগণ। মাননীয় প্রধান অতিথি পুঁজিবাজার বিষয়ক প্রশিক্ষণ কর্মসূচীতে মহিলা বিনিয়োগকারীদের অংশ গ্রহণ ও আগ্রহের প্রশংসা করেন এবং তাঁদের অভিনন্দন জানান। উক্ত প্রশিক্ষণ কেন্দ্রে বর্তমানে প্রতি মাসে মহিলা বিনিয়োগকারীদের জন্য নিয়মিত একটি প্রশিক্ষণ কর্মসূচীর আয়োজন করা হয়। এ ছাড়া সাধারণ বিনিয়োগকারীদের জন্য নিয়মিত প্রতি মাসে দুইটি করে প্রশিক্ষণ কর্মসূচী অনুষ্ঠিত হয়। প্রতি ব্যাচে ৪০ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করে থাকেন। শুধুমাত্র নিবন্ধন করেই উক্ত প্রশিক্ষণ কর্মসূচীতে অংশ গ্রহণ করা যায়, যা সম্পূর্ণ ফি-মুক্ত।